৬ জুলাই, ২০২৫

# ফ্যাসিবাদ প্রতিরোধে কোনো দেশে প্রধানমন্ত্রীর মেয়াদ নির্ধারিত নেই: সালাহউদ্দিন



সালাউদ্দিন আহমেদ: সংগৃহীত ছবি

বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদ বলেছেন, 'দেশে যাতে পুনর্বার কোনো স্বৈরাচারের উৎপত্তি না হয়, ফ্যাসিজমের উৎপাদনের ব্যবস্থা না থাকে, সেজন্য পৃথিবীর কোনো দেশে প্রধানমন্ত্রীর মেয়াদ নির্ধারিত থাকার কোনো নজির নেই। আমরা বলেছি, বিএনপির উচ্চপর্যায়ের কমিটির সিদ্ধান্ত অনুযায়ী কোনো ব্যক্তি ১০ বছরের বেশি প্রধানমন্ত্রীর আসনে বহাল থাকবে না।'

রোববার গুলশানে বিএনপি চেয়ারপারসনের কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন।

তিনি আরও বলেন, 'প্রধানমন্ত্রী এবং সংসদ নির্বাহী বিভাগের কার্যকরভাবে রাষ্ট্র পরিচালনার স্বার্থে আমরা এনসিসি জাতীয় কোনো ধারণার সঙ্গে একমত হইনি। এটাই ছিল আমাদের শর্ত। আমরা আশা করি, একটা ঐকমত্যে পৌঁছাতে পারব। আলাপ-আলোচনা হচ্ছে, তবে দীর্ঘ আলোচনা কাম্য নয়।'

সংবাদ সম্মেলনে বিএনপির আরেক স্থায়ী কমিটির সদস্য নজরুল ইসলাম খান বলেন, 'জুলাই সনদের মতামত আমরা বহু আগে দিয়েছি। যারা করছে না, এটা তো আমাদের দায়িত্ব না। যাদের দায়িত্ব তারা যদি কোনো কারণে বিলম্ব করে দায় বিএনপি নেবে না। এই দায় বিএনপির না।'

পিআর বা সংখ্যানুপাতিক ভোট পদ্ধতি প্রসঙ্গে নজরুল ইসলাম খান বলেন, 'যারা এই ব্যবস্থা চাচ্ছে, তাদের কাছে কি শুনেছেন তারা কেমন পিআর পদ্ধতি চায়? গণতন্ত্র যেমন একটা কনসেপ্ট। পৃথিবীর বিভিন্ন দেশে গণতন্ত্র বিভিন্নভাবে অনুশীলন হয়। আমেরিকায় যেভাবে হয়, ইংল্যান্ডে সেইভাবে হয় না, ফ্রান্সে যেভাবে হয়, ভারতে তো সেইভাবে হয় না, শ্রীলংকায় যেভাবে হয়, বাংলাদেশে তো সেইভাবে হয় না। এককে দেশে এককে রকম পদ্ধতি আছে গণতন্ত্র কার্যকর করার। তেমনই পিআর হলো একটা কনসেপ্ট বা ধারণা। এটা বিভিন্ন দেশে বিভিন্নভাবে কার্যকর হয়। এখন যারা পিআরের কথা বলছেন তারা কিভাবে পিআর বাস্তবায়ন হবে এই ব্যাপারে কোনো কথা বলছেন না। তাহলে এই সম্পর্কে একটা অস্পষ্ট ধারণাই থেকে যাচ্ছে। এটা আলোচনার জন্য আলোচনা হচ্ছে।'

তিনি আরও বলেন, 'আমরা মনে করি যে, এই রাষ্ট্র নিয়ে সিদ্ধান্ত নেওয়ার মালিক জনগণ।'